## নেত্রকোণা সদর উপজেলা পরিষদের জুলাই-২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ আতাউর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৭.০৭.২০২৩
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভা নং : ৫০

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ঃ

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব তানিয়া তাবাসসুম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল আওতায় এর আওতায় প্রকল্প দ্রুত নির্বাচন করার জন্য উপজেলা পরিষদ ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরো জানান উপজেলার পরিষদের আবাসিক ভবন সমূহ জরাজীর্ণ হয়ে পড়েছে। উক্ত ভবনসমূহ মেরামত প্রয়োজন। তাছাড়া তিনি জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সরকারি কোন বাসা নাই। তাই একটি সরকারি বাসভবন প্রয়োজন। | (ক) ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়িত প্রকল্পের তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্প দ্রুত নির্বাচন করতে হবে।<br>(গ) উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহ পরিদর্শন করে মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যানের জন্য সরকারি বাস ভবন নির্মাণের প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর,নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফুটবল টুর্ণামেন্ট ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ এর ফাইনাল খেলা ৩১ আগস্ট ২০২৩ তারিখ বিকাল ৪.০০টায় নেত্রকোণা স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। তিনি সকলকে খেলা দেখার জন্য অনুরোধ জানান।তাছাড়া তিনি জানান দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানিজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকোজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ- সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে। | |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউস আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ১১০ হেক্টর। লক্ষমাত্রা অনুযায়ী ১১০.০০ হেক্টর রোপন করা হয়েছে। খরিপ-১ মৌসুমে সবজির আবাদ হয়েছে ৭১০ হেক্টর। ফসলের অবস্থা ভালো। উপ-সহকারী কৃষি অফিসারগণ বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাই দমনের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। ২০২৩-২৪ অর্থ বছরে রোপা আমন মৌসুমে ১৯২৫০ হেক্টর জমি আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বীজতলা রয়েছে হাইব্রীড ২৯ হেক্টর, উফশী ৯১০ হেক্টর ও স্থানীয় ২৮ হেক্টর সর্বমোট ৯৬৭ হে:। গত ২৬/০৭/২০২৩ তারিখ পর্যন্ত সারের মজুত ইউরিয়া ৫৯৪, মে: টন, ডিএপি-৩৫৮ মে: টন, টিএসপি-৫৫ মে: টন, এমওপি-১৬৫ মে: টন মজুত আছে। বর্তমানে সারের কোন ঘাটতি নাই। তিনি জানান আগামী ৩০ জুলাই-০১ আগস্ট ২০২৩ পর্যন্ত কালেক্টরেট মাঠে কৃষি মেলা অনুষ্ঠিত হবে। মেলায় সকলকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। তাছাড়া তিনি জানান ইউনিয়ন পর্যায়ে সার ডিলারের ঘাটতি রয়েছে। সার ডিলার নিয়োগদান করা জরুরী। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখত হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) সকল সার ডিলারের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং বিধি মোতাবেক সার ডিলার নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঙ) আগামী মাস হতে ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-৫৩২ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-১৩,০০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-২৩০৩ টি, হাসঁমুরগীর চিকিৎসা- ১৪৩৪৭ টি এবং কৃত্রিম প্রজনন- ৬৩৩ টি। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং কি কি পরামর্শ প্রদান করা হয়েছ তা আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর ,নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে এবং এ উপজেলায় ৫২টি বীর নিবাসের কাজ চলমান রয়েছে। তাছাড়া ঢুলিগাতী আশ্রয়ণ প্রকল্পে অগ্নিকাডে ক্ষতিগ্রস্ত ঘর মেরামত করার বিষয়ে আলোচনা হয়। | (ক) বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ঢুলিগাতী আশ্রয়ণ প্রকল্পে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ঘর দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, চেয়ারম্যান, লক্ষীগঞ্জ ইউনিয়ন পরিষদ |

CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td></td><td>পরিষদ</td></tr>
<tr><td>৬.</td><td>মৎস্য বিভাগ</td><td>কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তাবে সার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>(ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) আসন্ন মৎস্য সপ্তাহ যথাযথভাবে উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা</td></tr>
<tr><td>৭.</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের বিভাগীয় কাজের অগ্রগতি প্রতিবেদন ঃ
<table>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>জনসংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর পুরুষ সংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা মহিলা</td><td>ইমপ্ল্যান্ট মো সংখ্যা</td></tr>
<tr><td>৩৮০</td><td>৯০০</td><td>৬০</td><td>১৮০</td><td>৪০৫০</td></tr>
<tr><td>আই ইউ ডি-</td><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>মোট গর্ভবতী</td><td>মোট সেবা গ্রহীতা</td></tr>
<tr><td>৬২০</td><td>৩৫৭৮০</td><td>৪৭৬৬</td><td>২৮৭৫</td><td>৬২০</td></tr>
</table></td><td>(ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাই ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভানে টানানোর সিদ্ধান্ত হয়। অন্যান্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>৮.</td><td>সমাজ সেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ক্যান্সার, কিডনী ও লিভার রোগে আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য আর্থিক সাহায্যে জন্য সমাজ সেবা অধিদপ্তরে আবেদন করার জন্য অনুরোধ করেন। তিনি মৃত ব্যক্তির কার্ড প্রতিস্থাপনের জন্য অনুরোধ করেন। প্রতিবন্ধী যাচাই বাছাই কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>(ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হব।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিভিন্ন ভাতাভোগী মৃত ব্যক্তির কার্ড প্রতিস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমাজ সেবা অফিসার সদর নেত্রকোণা<br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>৯.</td><td>মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান বিডব্লিউবি কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>(ক) বিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
</table>

CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td>কর্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>হবে।</td><td></td></tr>
<tr><td>১০</td><td>জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, উপসহকারী প্রকৌশলীর কার্যালয়, নেত্রকোণা সদর, এর গুদাম এর নতুন ভবন নির্মাণ করা হবে। একই সাথে সুলভ ও সহজভাবে জনগণ পানি পরীক্ষার জন্য একটি আধুনিক পানি পরীক্ষাগারও নির্মান করা হবে। নতুন ভবন নির্মাণের জন্য উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ে অবস্থিত পুরাতন, জরাজীর্ন ভবনটি অপসারণ করা প্রয়োজন। ২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন নলকূপের বরাদ্দ পাওয়া গেছে।শীঘ্রই নলকূপ স্থাপনের কার্যক্রম শুরু করা হবে।তাছাড়া ইউনিয়ন পর্যায়ে নলকূপ স্থাপন প্রকল্পের কাজ সমাপ্তির প্রত্যয়ন নেয়ার জন্য প্রস্তাব করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। হয়।</td><td>(ক) উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ে বিদ্যমান জরাজীর্ন ভবন অকেজো ঘোষণা করার জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>(খ) ২০২২-২০২৩ অর্থ বছরে কতগুলো নলকূপের বরাদ্দ পাওয়া গেছে তার বিস্তারিত তথ্য সভা উপস্থাপন করতে হবে।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর<br><br>উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে,উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। এছাড়া সরকারের এডিপিভুক্ত দুইটি প্রকল্প-অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এবং দারিদ্র বিমোচনের জন্য পুষ্টিসমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৩-২০২৪ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>-</td><td>৬৮৬৩জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>০.১৭লক্ষ</td><td>৯১.১৪ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>-</td><td>৩০৩০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৮.০০ লক্ষ</td><td>১৯৫৫.৬৩ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৪.০৬ লক্ষ</td><td>১৫৬৪.৯৩ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>৭টি</td><td>৪৮ টি</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর,</td></tr>
<tr><td>১২</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১৩৫ টি সমবায় সমিতির মধ্যে ১৩৫ টি সমবায় সমিতির অডিট সম্পাদন হয়েছে। অডিট সম্পাদনের হার ১০০%। ২০২১-২০২২ সনে ৪৬,১৪০/-টাকা ভ্যাটসহ অডিট ফি ধার্য করা হয়েছে। আদায় করা হয়েছে ৪৬১৪০/-। আদায়ের হার ১০০%। ২০২১-২০২২ সনে সমবায় তহবিল ধার্য্য করা হয় ২১,৬০৮/-টাকা তন্মধ্যে আদায় হয়েছে ২১,৬০৮ টাকা। আদায়ের হার ১০০%। হাতকুন্ডলী আশ্রয়ন প্রকল্পে আদায় যোগ্য ২৩,৩৮,০০০/- টাকা। এ মাসে আদায় ৪২০০/-টাকা। মোট আদায় ১৪,৩৭,০৩৩/-টাকা। আদায়ের হার ৬৬%। মালনী আশ্রয়ন প্রকল্পে আদায় যোগ্য ১৪,০৬,৫০০/-টাকা। এ মাসে আদায় ৪২৫০/-টাকা। মোট আদায় ১১,৫৬,৩৫০/-টাকা। আদায়ের হার ৮৯%। ২০২২-২০২৩ অর্থ বছরে এ উপজেলায় হতে কুমিল্লা ও ময়মনসিংহ প্রশিক্ষণ কেন্দ্রে ১৬ জন প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। ২০২২-২০২৩ সনে ০২ টি ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়| অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিরতণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, টিসিবি পণ্যের সাথে সরকার নির্ধারিতমূল্যে ০৫ কেজি করে চাল দেয়া হচ্ছে। তাছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বর্তমান কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
</table>

CamScanner

<table>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান জুন/২০২৩ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরুপ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>২,৮৮,৯৭,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>২,৮৬,৯৭০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২২৯০০৩১৬/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২,৩২,৮০,৩১৬/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৬%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১৯০০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১৯০০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উর্ত্তীন খেলাপী পরিমান</td><td>৭,৭৭,৪৩৪/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>২০,৭৫০/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>৪৯০৩০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>১৫০০০/-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৫৫ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭৩৭ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>২৩৪ জন</td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>২১০ জন</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৫৭৬৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আর্থকর্মীর সংখ্যা</td><td>৬০ জন</td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪০১৫ জন</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্তির আবেদন যাচাই-বাছাই এবং প্রেরণ পারফরমেন্স জেড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সস্টিটউশন শীর্ষক স্কিমের আওতায় স্কুল/মদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহী আনয়নের জন্য অত্র উপজেলার ১৭ টি প্রতিষ্ঠানের আবেদনপত্র যাছাই-বাচাই করে জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয় এবং দুর্নীতি দমন কমিশন কর্তৃক সততা সংঘ ও সততা স্টোর এর তথ্য সংগ্রহ করে প্রেরণ করা হয়। বন্যা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কাজ চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ যথারীতি চলছে।</td><td>(ক) প্রতি মাসে ১০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) নিয়মিত বিদ্যালয় /মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৬</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, গত অর্থ বছরে ৭০টি শিক্ষা প্রতিষ্ঠানে মেধাবী শিক্ষার্থীদের মাঝে ২৪০টি ট্যাব বিতরণ করা হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন জানান যে, অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি| আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত হয়।</td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উর্দ্ধতন উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>বন বিভাগ</td><td>কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তবে সার্বিক আলোচনান্তে পার্শে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা বন সংরক্ষন অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
</table>

CS CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা-৩৭০ টি, চলতি মাসে মোট সদস্য সংখ্যা-১৬০১৬ জন, চলতি সঞ্চয় জমা ১.৯৪ লক্ষ টাকা, মোট সঞ্চয় ৭৪০.৭৩ লক্ষ টাকা, সরকার প্রদত্ত বোনাস ৫২০.১২ লক্ষ টাকা, বিতরণকৃত ঋণের সংখ্যা ২২০৮৮ জন, মাসে ঋণ বিতরণ ৪৫.৯১ লক্ষ টাকা, চলতি মাসে ঋণের কিস্তি আদায় ৫৮.৩৯ লক্ষ টাকা, মোট আদায়-৩৩৬৮.৮১ লক্ষ টাকা। পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ার বিক্রয় ৩.৭৬ লক্ষ টাকা, সম্পদ সহায়তা আদায় ১.০১ লক্ষ টাকা। মোট তহবিল ৫৫৯৩.২৪ লক্ষ টাকা। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২০</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। জুন-২০২৩ মাসের কার্যক্রম নিম্নরুপঃ
<table>
<tr><td colspan="11">বাস্তবায়ন/অর্জন</td></tr>
<tr><td>বিসিজি</td><td colspan="3">পেন্টাভ্যালেন্ট</td><td colspan="3">পিসিভি</td><td colspan="4">ওপিভি</td></tr>
<tr><td>৫৪৬</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>ভি-এ</td></tr>
<tr><td></td><td>৫৩১</td><td>৫৯০</td><td>৫৪৩</td><td>৭১৬</td><td>৭১৯</td><td>৬৭৬</td><td>৫৩১</td><td>৫৯০</td><td>৫৪৩</td><td></td></tr>
<tr><td></td><td colspan="4">এফআইপিভি</td><td>১ম</td><td>২য়</td><td>১ম</td><td>২য়</td><td></td><td></td></tr>
<tr><td></td><td colspan="4">টিটি টিকা</td><td>৫৩১</td><td>৫৪৩</td><td>৭৭৪</td><td>৭৫৫</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>৪র্থ</td><td>৫ম</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>৪র্থ</td><td>৫ম</td></tr>
<tr><td></td><td>৭৬</td><td>৬১</td><td>৩৮</td><td>৪৬</td><td>৫৮</td><td>২৩৬</td><td>২৭৫</td><td>৩১৪</td><td>৩৬৭</td><td>৪০৪</td></tr>
</table></td><td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদার করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৫টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।</td></tr>
<tr><td>১</td><td>আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন অবহিতকরণ</td><td>উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান।</td><td>সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>২</td><td>আয় ও ব্যয়ের হিসাব বিবরণী</td><td>উপজেলা নির্বহী অফিসার জানান যে, গত ০১.০৬.২০২৩ তারিখ হতে ৩০.০৬.২০২৩ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ৩১,৬২,৬২৫.৭০ টাকা এবং ব্যয় ৪,০০,৬১৯.৪৭ টাকা। ব্যাংক স্থিতি ৩,৮৫,৬৭,৭৭৪.৪৪ টাকা।</td><td colspan="2">চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা</td></tr>
<tr><td></td><td>বিবিধ</td><td>(ক) উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের আপ্যায়ন বিল, পত্রিকার বিল ও ইন্টারনেট বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নীচতলার বাংলো অফিসের জন্য কোকারীজ মালামাল ক্রয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা নির্বাহী অফিসাররে বাসভবনের নীচতলার বাংলো অফিসের জন্য আসবাবপত্র সংগ্রহ ও মেরামত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের জন্য অফিস সরঞ্জামাদি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের জন্য সৌর বিদ্যুত প্যানেল স্থাপনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) উপজেলা পরিষদের কর্মচারীদের টয়লেট মেরামত করার সর্বসম্মতিক্রমেসিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) ২৬ জুলাই ২০২৩ ঐতিহাসিক নাজিপুর দিবসে বীর মুক্তিযোদ্ধাগণের যাতায়ত ও আপ্যায়ন ব্যয় পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td></tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | যাতায়ত ও আপ্যায়ন ব্যয় পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ) ১৫ আগস্ট ২০২৩ উপলক্ষ্যে বঙ্গবন্ধু লগুসহ কালো ব্যাচ প্রস্তুতের ব্যয় পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঞ) উপজেলা পরিষদ পাবলিক হলে ডিস লাইন এবং ওয়াইফাই লাইন সংযোগের ব্যয় পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারা আয়ের ১৫% অর্থ দ্বারা বিধি মোতাবকে হাট বাজার উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারা আয়ের ১০% অর্থ দ্বারা উপজেলার অম্নুত হাট-বাজার উন্নয়নের জন্য সমহারের বন্টনের মাধ্যমে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ) ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন তহবিলের আওতায় ৪০,০০,০০০/- ( চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ দ্বারা বিধি মোতাবেক উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৭/২৩

(মোঃ আতাউর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০১৪.০০০.০০১.১৯- ৬৪৭ তারিখ : ২৭ জুলাই ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. উপজেলা..........................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা

২৭/৭/২০২৩

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা